ইরান সংঘাতে যুক্তরাষ্ট্রের ব্যয় ২৫ বিলিয়ন ডলার: পেন্টাগন



সংগৃহীত ছবি

ইরানকে ঘিরে চলমান সামরিক সংঘাতে এখন পর্যন্ত প্রায় ২৫ বিলিয়ন ডলার খরচ হয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর। পেন্টাগনের এক শীর্ষ কর্মকর্তা মার্কিন কংগ্রেসে এই ব্যয়ের চিত্র তুলে ধরেন।

পেন্টাগনের ভারপ্রাপ্ত কম্পট্রোলার জুলস হার্স্ট হাউস আর্মড সার্ভিসেস কমিটির বৈঠকে বলেন, মোট ব্যয়ের বড় অংশই গেছে গোলাবারুদ সংগ্রহে। দীর্ঘদিন ধরে এই ব্যয়ের হিসাব প্রকাশের দাবি ছিল বলে মন্তব্য করেন কমিটির শীর্ষ ডেমোক্র্যাট সদস্য অ্যাডাম স্মিথ, যিনি তথ্য প্রকাশকে স্বাগত জানিয়েছেন।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান শুরু করে যুক্তরাষ্ট্র। বর্তমানে দুই পক্ষের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর থাকলেও মধ্যপ্রাচ্যে অতিরিক্ত সামরিক উপস্থিতি বজায় রেখেছে ওয়াশিংটন। এর অংশ হিসেবে সেখানে তিনটি বিমানবাহী রণতরীসহ বাড়তি সেনা মোতায়েন করা হয়েছে।

অন্যদিকে, যুদ্ধ ঘিরে যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ জনমতেও পরিবর্তন দেখা যাচ্ছে। সাম্প্রতিক জরিপে দেশটির এ অভিযানের প্রতি জনসমর্থন কমে দাঁড়িয়েছে ৩৪ শতাংশে।

LENS ASIA